“ C ” ইউনিট

বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-৭০০৩, বাংলাদেশ।

ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের বিবিএ ১ম বর্ষে ভর্তির নিমিত্তে গত **০৪/১১/২০১৯ইং** তারিখ অনুষ্ঠিত **“ C ” ইউনিটের** ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর, মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় প্রাপ্ত GPA-এর সমন্বয়ে উত্তীর্ণ ছাত্র-ছাত্রীদের (বাণিজ্য ও অন্যান্য শাখার) পৃথকভাবে মেধা ও অপেক্ষমান তালিকা এতদসঙ্গে প্রকাশ করা হল। পূর্ণাঙ্গ ফলাফল অনুষদীয় নোটিশ বোর্ড এবং **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে পাওয়া যাবে।

ভর্তি বিজ্ঞপ্তি এবং ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশাবলী

১. মেধা তালিকার জন্য ঃ

ক) মেধা তালিকায় স্থান প্রাপ্ত শিক্ষার্থীদের ফলাফল প্রকাশের দিন **১৬/১১/২০১৯ইং** তারিখ হতে **১৯/১১/২০১৯ইং** তারিখের মধ্যে **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে বিভাগ পছন্দ **(Subject Choice)** ফরমটি পূরণ করতে হবে। কোন প্রার্থী যথা সময়ে বিভাগ পছন্দ ফরম পূরণ না করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য হিসেবে গণ্য হবে। আগামী **২১/১১/২০১৯ইং** তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে নির্ধারিত বিভাগ এবং সংযুক্ত আবাসিক হলের নাম জানিয়ে দেয়া হবে। এই এসএমএস পাওয়ার পর **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে **Admission Form** পূরণ করতে হবে । পূরণকৃত **Admission Form** টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করতে হবে এবং আগামী **২৩/১১/২০১৯ইং** তারিখ ও **২৪/১১/২০১৯ইং** তারিখ দুই দিন **সকাল ৯:০০ টা থেকে দুপুর ২.০০ টা** পর্যন্ত **বানিজ্য শাখা** এবং **বিকাল ৩:০০ টা** থেকে **অন্যান্য শাখায়** স্বাক্ষাৎকার সভায় উক্ত ফরমটি উপস্থাপন করতে হবে। স্বাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবেন এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী **২৭/১১/২০১৯ইং** তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। উক্ত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে ব্যর্থ হলে পরবর্তীতে মেধা তালিকায় স্থান প্রাপ্তরা ভর্তি হওয়ার আর কোন সুযোগ পাবে না।

খ) কোন বিভাগে আসন খালি থাকলে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদেরকে **'বিভাগ পরিবর্তন ফরম'** ডীন অফিস থেকে সংগ্রহ করে **০১/১২/২০১৯ইং** তারিখের মধ্যে পূরণ করে সংশ্লিষ্ট ইউনিট অফিসে জমা দিতে হবে। বিভাগ পরিবর্তন ফলাফল **০২/১২/২০১৯ইং** তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে জানিয়ে দেয়া হবে। এই এসএমএস পাওয়ার পর **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে **Admission Form** যথাযথভাবে পূরণ করতে হবে। পূরণকৃত **Admission Form** টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী **০৪/১২/২০১৯ইং** তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২.অপেক্ষমান তালিকার জন্য ঃ

ক) আসন খালি থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকার প্রার্থীগনকে **০৯/১২/২০১৯ইং** তারিখের মধ্যে **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে বিভাগ পছন্দ **(Subject Choice)** ফরমটি পূরণ করতে হবে। কোন প্রার্থী যথা সময়ে বিভাগ পছন্দ ফরম পূরণ না করলে উক্ত প্রার্থী ভর্তির অযোগ্য হিসেবে বলে গণ্য হবে। আগামী **১১/১২/২০১৯ইং** তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে নির্ধারিত বিভাগ এবং সংযুক্ত আবাসিক হলের নাম জানিয়ে দেয়া হবে। এই এসএমএস পাওয়ার পর **http://admission.iu.ac.bd** ওয়েবসাইটে **Admission Form** পূরণ করতে হবে । পূরণকৃত **Admission Form** টি প্রিন্ট করে যথাস্থানে স্বাক্ষর করতে হবে এবং আগামী **১৫/১২/২০১৯ইং** তারিখ স্বাক্ষাৎকার সভায় উপস্থাপন করতে হবে। স্বাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী **১৮/১২/২০১৯ইং** তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পাদন করতে হবে। উক্ত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে না পারলে পরবর্তীতে ভর্তি হওয়ার আর কোন সুযোগ থাকবে না।

খ) পুনরায় আসন খালি থাকলে ইউনিট কর্তৃক নির্ধারিত সময়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্নকারী ছাত্র-ছাত্রীদের বিভাগ পরিবর্তনের সুযোগ প্রদান করা হবে, তারপর অপেক্ষমান তালিকার পরবর্তী প্রার্থীদের বিভাগ পছন্দ **(Subject Choice)** ফরমটি পূরণ পূর্বক **Admission Form** পূরণ করতে হবে। স্বাক্ষাৎকার সভা চূড়ান্ত ভর্তির অনুমতি পত্র প্রদান করবে এবং প্রদত্ত নির্দেশনা অনুযায়ী **২২/১২/২০১৯ইং** তারিখের মধ্যে প্রয়োজনীয় ভর্তি ফি প্রদান করে ভর্তি প্রক্রিয়া সম্পাদন করতে হবে।

গ) বানিজ্য শাখার ছাত্র-ছাত্রীদের জন্য আবশ্যকীয় শর্ত শিথিল করে প্রকাশিত অপেক্ষমান তালিকা থেকে যদি প্রয়োজনীয় সংখ্যক ছাত্র-ছাত্রী না পাওয়া যায়, সে ক্ষেত্রে ইউনিট কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য শাখার পাসকৃত অপেক্ষমান তালিকা থেকে অবশিষ্ট আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

ঘ) পূনরায় আসন খালি থাকলে কেন্দ্রীয় ভর্তি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে ভর্তির তারিখ জানানো হবে তবে ইতোপূর্বে অনুমোদিত ভর্তি প্রার্থীগনের পরের মেধাক্রম অনুসারে অপেক্ষমান তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তি প্রার্থীগণকে ভর্তির সুযোগ দেয়া হবে।

৩. **ভর্তিচ্ছু ছাত্র-ছাত্রীদের নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সাক্ষাৎকারের সময় উপস্থাপন করতে হবে ঃ**

ক) ভর্তি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র।

খ) মাধ্যমিক /সমমান এবং উচ্চমাধ্যমিক / সমমান পরীক্ষার মূল প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, নম্বরপত্র এবং সার্টিফিকেট অথবা সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসাপত্র।

গ) সদ্য তোলা ০৮ (আট) কপি পাসপোর্ট সাইজের রঙ্গীন ছবি।

৪. আগামী **১১/০১/২০২০ইং** তারিখ থেকে ক্লাস শুরু হবে।

বি. দ্র.ঃ উপরোক্ত বিজ্ঞপ্তি পরিবর্তন, পরিবর্ধন ও সংশোধনের ক্ষেত্রে ইউনিট কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

16.11.19.

প্রফেসর ড. মোঃ জাকারিয়া রহমান

সমন্বয়কারী **“ C ” ইউনিট**

বিবিএ ১ম বর্ষ ভর্তি পরীক্ষা ২০১৯-২০২০ ও

সভাপতি, মার্কেটিং বিভাগ

ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া, বাংলাদেশ।